

স্মারক নং- ৩১.৪৩.৮৮৫০.০০১.৪৫.০০৮.২২-৭৬২

তারিখঃ ২৯ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
১৪ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ


নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা ২০২১ অনুযায়ী সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	পদবি	পদ সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা
০১	পেশ ইমাম	০১	১৫,০০০/-	(ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রি /দাওরায়ে হাদিস পাশ। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা সুহাদিস হিসেবে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত-এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত। হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবেন। (গ) আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
০২	মুয়াজ্জিন	০১	১০,০০০/-	(ক) দ্বিতীয় শ্রেণির আলিম/সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে মুয়াজ্জিন হিসেবে ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত-এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।
০৩	খাদিম	০২	৭,৫০০/-	(ক) দ্বিতীয় শ্রেণির আলিম/সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। (খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে খাদিম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলিঃ

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- স্থায়ী জনবল কাঠামো অনুমোদিত না হওয়া পর্যন্ত পরিচালনা কমিটি কর্তৃক সম্মানীর ভিত্তিতে জনবল নিয়োগ দেয়া হবে।
- আবেদন ফরম acl.kazipur.sirajganj.gov.bd উপজেলা ভূমি অফিস, কাজিপুর, সিরাজগঞ্জ এ পাওয়া যাবে।
- আবেদনকারীর বয়স ২৬/১২/২০২২ খ্রি. তারিখে ০১ নং পদের জন্য অনূর্ধ্ব ৪৫ বছর এবং অন্যান্য পদের জন্য (১৮-৩০) বছর হতে হবে। (বীর মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বছর)/ সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী। বয়সের ক্ষেত্রে এভিডেন্সিট গ্রহণযোগ্য নয়।
- ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে আগামী ২৬/১২/২০২২ খ্রি এর মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাকযোগে উপজেলা ভূমি অফিস, কাজিপুর, সিরাজগঞ্জ এ প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।
- আবেদনের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি (খ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি (গ) ০৪ (চার) কপি ৫x৫ সে:মি: সাইজের সত্যায়িত ছবি দাখিল করতে হবে।
- বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান যথাসময়ে মোবাইল/ইমেইল/নোটিশ বোর্ড/ওয়েবসাইট এর মাধ্যমে জানানো হবে।
- আবেদনকারীকে আবেদন পত্রের সাথে পেশ ইমাম পদের ক্ষেত্রে ১,০০০/- (এক হাজার) টাকা, মুয়াজ্জিন পদের ক্ষেত্রে ৮০০/- (আটশত) টাকা এবং খাদিম পদের ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সহকারী কমিশনার (ভূমি), কাজিপুর, সিরাজগঞ্জ বরাবর দাখিল করতে হবে।
- কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। আবেদনপত্রের খামের উপর অবশ্যই প্রার্থীর পদের নাম উল্লেখ করতে হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- যে কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।
- কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে এবং ভবিষ্যতে তথ্য গোপনের বিষয়টি প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


১৪-১২-২০২২
(কাজী মোহাম্মদ অনিক ইসলাম)
সহকারী কমিশনার (ভূমি)

ও
সভাপতি
উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র
পরিচালনা কমিটি
কাজিপুর, সিরাজগঞ্জ